

প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা আজ শুরু

২৯ লাখের বেশি পরীক্ষার্থী অংশ নিচ্ছে

□ স্টাফ রিপোর্টার
অভিন্ন প্রসঙ্গের আজ থেকে সারাদেশে শুরু হচ্ছে প্রাথমিক শিক্ষা সমাপনী (প্রাশিস) ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী (ইশিস) পরীক্ষা। প্রতিদিনই সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত পরীক্ষা চলবে। এবার প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় সর্বমোট অংশগ্রহণ করছে ২৯ লাখ ৬৯ হাজার ৩৯৩ জন

প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা

প্রথম পর্বের পরীক্ষার্থী যাঁগত বছর ছিল ২৩ লাখ ১৬ হাজার ৫২১ জন। উভয় পরীক্ষাতেই ছাত্রদের তুলনায় ছাত্রীর সংখ্যা ২ লাখ ৪১ হাজার ৪৩৫ জন বেশি। এবছর প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় অংশ নিচ্ছেন ২৬ লাখ ৪১ হাজার ৬৭ জন পরীক্ষার্থী। ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় মোট ৩ লাখ ২৮ হাজার ৩২৬ জন শিক্ষার্থী অংশগ্রহণ করছে। গতকল (মঙ্গলবার) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সংবাদ সম্মেলনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ডা. মো. আফজাল আমীন এসব কথা বলেন। এতে আরো বক্তব্য করেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো: মোতাহার হোসেন ও একই মন্ত্রণালয়ের জরাজ্ঞ সচিব এম এম নিয়াজউদ্দিন।

সংবাদ সম্মেলনে জানানো হয়, ২১, ২২, ২৬, ২৭, ২৮ ও ২৯ নভেম্বর (শেখবাসী) একই প্রসঙ্গের সমন্বয়ে গণিত, বাংলা, ইংরেজি, পরিবেশ পরিচিতি সমাজ, পরিবেশ পরিচিতি বিজ্ঞান ও ধর্ম পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতিদিন সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত পরীক্ষা চলবে। বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) পরীক্ষার্থীদের জন্য অতিরিক্ত ২০ মিনিট সময় বেশি প্রদান থাকবে। এবার প্রাশিস ও ইশিস পরীক্ষায় সর্বমোট অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা ২৯ লাখ ৬৯ হাজার ৩৯৩ জন। গত বছর এ সংখ্যা ছিল ২৩ লাখ ১৬ হাজার ৫২১ জন। মন্ত্রী আফজাল আমীন বলেন, এবার প্রাশিস পরীক্ষায় ২৬ লাখ ৪১ হাজার ৬৭ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করছে। এর মধ্যে ছাত্র ১২ লাখ ৭ হাজার ৪৫২ ও ছাত্রী ১৪ লাখ ৩০ হাজার ৬১৫ জন। ছাত্রদের তুলনায় ছাত্রীর সংখ্যা ২ লাখ ২৬ হাজার ২৬৩ জন বেশি। এটা বর্তমান সরকারের নারী শিক্ষার অগ্রগতির সূচক বলেই মন্ত্রী জানান। ইংরেজি ভাষানে মোট ৩ হাজার ৮২৬ জন পরীক্ষার্থীর মধ্যে ছাত্র ২ হাজার ২৭৪ ও ছাত্রী ১ হাজার ৫৫২ জন। তিনি আরো বলেন, এবার ইশিস পরীক্ষায় মোট ৩ লাখ ২৮ হাজার ৩২৬ জন শিক্ষার্থী অংশগ্রহণ করছে। এর মধ্যে ছাত্র ১ লাখ ৫৬ হাজার ৫২৭ এবং ছাত্রী ১ লাখ ৭১ হাজার ৭৯৯ জন। এখানেও ছাত্রীর সংখ্যা ১৫ হাজার ২৭২ জন বেশি। প্রাশিস পরীক্ষায় ৪ হাজার ৩৬৮ জন ও ইশিস পরীক্ষায় ৮১১ জন বিশেষ চাহিদাসম্পন্ন পরীক্ষার্থী রয়েছে বলেও মন্ত্রী জানান। তিনি বলেন, এবার সর্বমোট পরীক্ষার্থী ভেদে সংখ্যা ৬ হাজার ৩৭২টি। দেশে ৬ হাজার ৩৬৪টি ও দেশের বাইরে ৮টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। দেশের কাইরের কেন্দ্রগুলো হচ্ছে রিডাঙ্গ, জেবা, আবুদাবী, কাভার, কিশলী ও ওমান। এরই কেন্দ্রে ৭১৮ জন পরীক্ষার্থী পরীক্ষায়

অংশগ্রহণ করবে। আর দেশের অভ্যন্তরে দুর্গম এলাকায় রয়েছে ১০০টি পরীক্ষার কেন্দ্র। তিনি বলেন, চলতি বছরের প্রসঙ্গের ১০ শতাংশ যোগাত্মিক (সুজনশীল) প্রশ্ন থাকবে। আগামী বছরের পরীক্ষায় এটা হবে ৫০ শতাংশ। শিশুদের মানসম্মত শিক্ষা প্রদানের জন্য এবার থেকে তাদের পরীক্ষার খাতা মূল্যায়নের জন্য এক উপকোষের খাতা অন্য উপকোষের খাতার সাথে অন্য উপকোষের খাতা মূল্যায়নের জন্য অন্য কোথাও পাঠানো হবে না। মন্ত্রী বলেন, প্রাশিস পরীক্ষা অনুষ্ঠানের বাজেট বহু হয়েছে। প্রায় ৪০ কোটি ১০ লাখ টাকা। তবে প্রত্যেক শিক্ষার্থীর কাছ থেকে ৪০ টাকা করে ফি বাবদ আদায় হয়েছে ১০ কোটি ৬৪ লাখ টাকা। ইশিস পরীক্ষার বাজেট ৪ কোটি টাকার অধিক। এখানেও একই ধরনের ফি বাবদ আদায় হয়েছে ১ কোটি ৩২ লাখ টাকা। এক প্রসঙ্গের ফি বাবদ মন্ত্রী বলেন, ২০১০ সালে ছাত্র আউট ছিল প্রায় ৪০ শতাংশ। ২০১১ সালে এটা কমে ২৯ শতাংশ দাঁড়িয়েছে। তিনি বলেন, গত বছর পরীক্ষায় অনুপস্থিত ছিল এক লাখ ৩১ হাজার ৬৮৯ জন। অনুপস্থিত এসকল শিক্ষার্থীর মধ্যে একের পরীক্ষায় অংশ নিচ্ছে ৫৪ হাজার ৫৬০ জন। এছাড়া গত বছর ফেল করেছিল ৫০ হাজার ৭৫৩ জন। এর মধ্যে একের অংশ নিচ্ছে ৩২ হাজার ৫৯০ জন। এসময় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত সচিব আবুল কালাম আজাদ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শ্যামল কান্তি খোঁষ।

প্রাথমিক শিক্ষার্থীর সময়সূচি
২১ নভেম্বর গণিত, ২২ নভেম্বর বাংলা, ২৬ নভেম্বর ইংরেজি, ২৭ নভেম্বর পরিবেশ পরিচিতি সমাজ, ২৮ নভেম্বর পরিবেশ পরিচিতি বিজ্ঞান এবং ২৯ নভেম্বর ধর্ম।
ইবতেদায়ী সমাপনী সময়সূচি-
২১ নভেম্বর গণিত, ২২ নভেম্বর বাংলা, ২৬ নভেম্বর ইংরেজি, ২৭ নভেম্বর পরিবেশ পরিচিতি সমাজ/পরিবেশ পরিচিতি বিজ্ঞান, ২৮ নভেম্বর আরবি, ২৯ নভেম্বর কোরআন ও তালবীস এবং আকাইদ ও তিকত্ব বিষয়ের পরীক্ষা হবে।